# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 30-03-2025 Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

২) কেন্দ্রীয় ওষুধ নিয়ন্ত্রক সংস্থা- CDSCO এরাজ্যের দুটি সহ গোটা দেশের একাধিক সংস্থার ১০৪-টি ব্র্যান্ডের ওষুধকে গুণগতভাবে অনুপযুক্ত বলে চিহ্নিত করেছে।

জলাতঙ্কের জাল টীকা বাজারে ছড়িয়ে পড়েছে বলে রাজ্যগুলিকে সতর্ক করা হয়েছে।

৩) পঞ্চায়েত স্তরে বিভিন্ন শংসাপত্র, বিল্ডিং প্ল্যানের ছাড়পত্র দেওয়ার মতো ১২-টি নাগরিক পরিষেবা অনলাইনে দেওয়া বাধ্যতামূলক করা হচ্ছে।

৪) ইদ এবং রামনবমীকে কেন্দ্র করে অশান্তি ঠেকাতে প্রশাসন তৎপর বলে কলকাতা ও রাজ্য পুলিশ জানিয়েছে।

৫) সিবিআই, কলকাতার একটি রপ্তানি সংস্থা, একটি শিপিং কোম্পানী এবং একটি কেন্দ্রীয় সংস্থার শীর্ষ আধিকারিকদের বিরুদ্ধে সরকারকে প্রতারণার অভিযোগে মামলা রুজু করেছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মাসিক বেতার অনুষ্ঠান মন কি বাতের ১২০-তম পর্বে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

বেলা ১১ টা থেকে আকাশবাণীর সব কটি প্রচার তরঙ্গ, দূরদর্শনের সব চ্যানেল, AIR News website, NewsOnAir mobile app-এ সম্প্রচারিত হবে। আকাশবাণী সংবাদ, দূরদর্শন সংবাদ প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের YouTube channel-এও মন কি বাতের লাইভ স্ট্রিমিং হবে।

মূল অনুষ্ঠানটির ঠিক পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা সম্প্রচারিত হবে।

------------------------

কেন্দ্রীয় ওষুধ নিয়ন্ত্রক সংস্থা - CDSCO, এরাজ্যের দুটি সংস্থা সহ গোটা দেশের একাধিক সংস্থার ১০৪-টি ব্র্যান্ডের ওষুধকে গুণগত ভাবে অনুপযুক্ত বা নট ফর স্ট্যান্ডার্ড কোয়ালিটি ড্রাগস বলে চিহ্নিত করেছে । এছাড়া রাজ্যের সেন্ট্রাল ল্যাবে ২৭টি, রাজ্য ড্রাগ ল্যাবের ১-টি করে ওষুধ গুণমান পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি।

CDSCO এই নিয়ে চার দফায় ৪৯৭-টি ওষুধকে গুণগতভাবে অনুপযুক্ত চিহ্নিত করল। এই তালিকায় রক্তচাপ ও জ্বর কমানোর মত সাধারণ অসুখ থেকে শুরু করে, খিঁচুনি, ভিটামিন সি-এর ঘাটতি থেকে খাদ্যনালীর সমস্যা সংক্রান্ত চিকিৎসা, পক্সের টিকা, বহুল প্রচলিত অ্যান্টিবায়োটিক এমনকী লিভারের অসুখ, স্ত্রীরোগে ব্যবহৃত হওয়া ওষুধও রয়েছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে এই কেন্দ্রীয় সংস্থাটি জলাতঙ্কের জাল টিকা চিহ্নিত করায় দেশ জুড়ে আতঙ্ক ছড়িয়েছে। জানা গেছে, দিল্লি, মুম্বই, আমেদাবাদ ও লক্ষ্ণৌতে একটি জনপ্রিয় ব্র্যান্ড থেকে জাল করা জলাতঙ্কের ইঞ্জেকশন ছড়িয়ে পড়েছে। নকল টিকার ব্যাচ নম্বর উল্লেখ করে এব্যাপারে গত শুক্রবারই রাজ্যগুলিকে সতর্ক করে দেওয়া হয়। সতর্কবার্তায়

পরিষ্কারভাবে জানানো হয়েছে, জাল ইঞ্জেকশন নিলে স্বাস্থ্য সংক্রান্ত জটিল সমস্যা তৈরি হতে পারে। তাই প্রতিটি এলাকায় তল্লাশি চালিয়ে জাল ওষুধ কোথায়, কত রয়েছে এবং তা অবিলম্বে বাজেয়াপ্ত করার নির্দেশ দিয়েছে সরকার।

-------------------------

পঞ্চায়েত স্তরে বিভিন্ন শংসাপত্র প্রদান, বিল্ডিং প্ল্যানের ছাড়পত্র দেওয়ার মতো ১২ টি নাগরিক পরিষেবা অনলাইনে দেওয়া বাধ্যতামূলক করা হচ্ছে। স্মার্ট পঞ্চায়েত কর্মসূচির আওতায় গত দুবছরে এরকম ৩২-টি পরিষেবা অনলাইন মাধ্যমে আনা হলেও এতদিন তা বাধ্যতামূলক ছিলনা। ১লা এপ্রিল থেকে তা আবশ্যিক হবে। ইতোমধ্যেই রাজ্যের পঞ্চায়েত দফতর, জেলাগুলিকে এই মর্মে নির্দশিকা পাঠিয়েছে। কোনও ক্ষেত্রে এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট জেলা এবং আধিকারিকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও জানিয়ে দেওয়া হয়েছে।

-------------------------

বর্জ্য ফেলার জন্যে ধাপার বর্তমান অবস্থা নিয়ে কলকাতা পুরসভা রাজ্য সরকারকে একটি রিপোর্ট জমা দিয়েছে। ধাপার ভাগাড়ে দিনে আড়াই হাজার টন কঠিন বর্জ্য ফেলার ক্ষমতা থাকলেও হাওড়ার বেলগাছিয়ার পরিস্থিতির জন্যে এখন সেখানে দৈনিক ৫ হাজার টন বর্জ্য ফেলায় চাপ বাড়ছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে। এই পরিস্থিতি চলতে থাকলে আগামীদিনে বড় বিপদ ঘটতে পারে বলেও রিপোর্টে আশংকা প্রকাশ করা হয়েছে। একটি মান্য কার্যবিধি বা SOP তৈরির পাশাপাশি বিকল্প জমিতে বর্জ্য ফেলার জন্যে ইতোমধ্যেই চিহ্নিত ৭৩ হেক্টর জমি অধিগ্রহন করতে প্রয়োজনীয় অর্থ দেওয়ার আবেদনও জানানো হয়েছে। উল্লেখ্য বর্তমানে কলকাতা পুরসভার ১৪৪টি ওয়ার্ড ছাড়াও পানিহাটি, নিউটাউন, সল্টলেক ও বেলগাছিয়া থেকে ধাপায় বর্জ্য ফেলা হয়।

-------------------------

স্পটলাইটে এবারের আলোচনা ‘প্রধানমন্ত্রীর মরিশাস সফর এবং ভারতের বিদেশনীতি’। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ অনিন্দ্য জ্যোতি মজুমদারের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচারতরঙ্গে।

-------------------------

ঈদ এবং রামনবমীকে কেন্দ্র করে কলকাতা সহ রাজ্যের বেশ কিছু জায়গায় সাম্প্রদায়িক অশান্তির পরিকল্পনা করা হচ্ছে বলে কলকাতা ও রাজ্য পুলিশ জানিয়েছে। গতকাল ভবানীভবনে এক সাংবাদিক সম্মেলনে ADG আইনশৃঙ্খলা জাভেদ শামিম এবং ADG দক্ষিনবঙ্গ সুপ্রতিম সরকার বলেন, পোস্টারের মাধ্যমে এবং সোশ্যাল মিডিয়ায় হিংসা ছড়ানোর ষড়যন্ত্র চলছে। সব জেলায় সতর্কতামূলক বার্তা দেওয়া হয়েছে বলে সুপ্রতিম সরকার জানান।

( বাইট – সুপ্রতিম সরকার )

পাশাপাশি কোথাও অশান্তির খবর পেলে দ্রুত প্রশাসনকে জানানোর কথা বলেছেন তারা। কোনরকম উস্কানিমূলক মন্তব্য প্রশাসন বরদাস্ত করবে না বলে পুলিশের তরফে স্পষ্ট জানানো হয়েছে।

মালদার মোথাবাড়িতে অশান্তির ঘটনায় ১৯-টি মামলা রুজু হয়েছে। মোট ৬১ জন গ্রেফতার হয়েছে বলে জানান তিনি।

এদিকে, মোথাবাড়ির ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে দায়ী করলেন বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। মোথাবাড়িতে কেন্দ্রীয় বাহিনীর রুটমার্চ নিয়ে তিনি স্বরাষ্ট্র মন্ত্রী এবং রাজ্যপালের সঙ্গে কথা বলেছেন। সেখানে যেতে বাধা দেওয়া হলে গণতান্ত্রিক পদ্ধতিতে তার দল লড়াই করবে বলেও শ্রী মজুমদার জানান।

বাইট সুকান্ত

অন্যদিকে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, বাংলায় সাম্প্রয়াদিকতা বাড়ছে। যা দুশ্চিন্তার কারণ হয়ে উঠছে। তিনি এব্যাপারে শাসকদলের মদত রয়েছে বলে অভিযোগ করেন।

বাইট অধীর

-------------------------

সিবিআই, কোলকাতার একটি রপ্তানি সংস্থা, একটি শিপিং কোম্পানি এবং কেন্দ্রীয় সরকারি সংস্থা প্রজেক্ট অ্যান্ড ইকুইপমেন্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া –পিইসি লিমিটেডের শীর্ষ স্থানীয় আধিকারিকদের বিরুদ্ধে প্রতারণার অভিযোগে মামলা রুজু করেছে। গতকাল সিবিআই-এর জারি করা এক প্রেস বিবৃতিতে ওই আধিকারিকদের বিরুদ্ধে সরকারের ৩২ কোটি টাকা ক্ষতি করার অভিযোগ আনা হয়েছে।

অভিযুক্ত কোম্পানিগুলির ডিরেক্টররা পিইসির আধিকারিকদের সঙ্গে চক্রান্ত করে রপ্তানির জন্য নিয়ম বহির্ভূত ভাবে পিইসির কাছ থেকে টাকা নেয়। গত শুক্রবার সিবিআই কোলকাতা ও ব্যাঙ্গালোরের ৫ টি জায়গায় তল্লাশি চালিয়ে বেশ কিছু নথি বাজেয়াপ্ত করে।

-------------------------

ভারপ্রাপ্ত উপাচার্যের পদ থেকে অপসারণের একদিন পরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ভাস্কর গুপ্তের কাছে, নিয়ম বহির্ভূতভাবে সমাবর্তন আয়োজন এবং সে সংক্রান্ত খরচের হিসাব পেশ না করায়, রিপোর্ট চেয়েছে রাজভবন। গতকাল রাজ্যপাল সচিবালয় থেকে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, ২৪ শে ডিসেম্বর সমাবর্তন আয়োজনের ১৫ দিন আগে বিশ্ববিদ্যালয় কার্যকরী সমিতির বৈঠক ডেকে তা অনুমোদনের বিধি থাকলেও অধ্যাপক গুপ্ত তা না মেনে, সমাবর্তনের তারিখ ঘোষণার পর তড়িঘড়ি ১৭ ই ডিসেম্বর কার্যকরী সমিতির বৈঠক ডাকেন। বিশে ডিসেম্বর ঐ অনিয়মের কথা স্বীকার করে চিঠি দেওয়া হয় বলেও ঐ নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে। এই অনুষ্ঠান আয়োজন এবং এ সংক্রান্ত বিপুল খরচের ব্যাপারে আচার্য তথা রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে শীঘ্রই রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। অন্যথায় ঐ অনুষ্ঠানের সম্পূর্ণ খরচ অধ্যাপক গুপ্তের থেকে আদায় করা হবে বলে জানানো হয়েছে।

এদিকে অধ্যাপক সংগঠনগুলি এই নির্দেশিকার কড়া সমালোচনা করেছে। জুটার সাধারণ সম্পাদক অধ্যাপক পার্থ প্রতিম রায় জানিয়েছেন, আইন অনুযায়ী সমাবর্তন হয়েছে এবং খরচও বিশ্ববিদ্যালয়ের এক্সেকিউটিভ কাউন্সিলে পাশ হয়েছে। তাই এক্ষেত্রে কোনো বেআইনী কাজ হয়নি বেল তিনি মন্তব্য করেন।

অন্যদিকে আবুটার সাধারণ সম্পাদক গৌতম মাইতি বলেছেন, আচার্য তাঁর ক্ষমতার অপব্যবহার করে রাতারাতি যেভাবে উপাচার্য অপসারণের সিদ্ধান্ত নিলেন, তাতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্ষেত্রে অচলাবস্থা তৈরি হয়েছে।

-------------------------

কর্তব্যে গাফিলতি ও অদক্ষতার অভিযোগে বর্ধমান রাজ কলেজের অধ্যক্ষ নীরঞ্জন মন্ডলকে সাসপেন্ড করা হয়েছে। কলেজের পরিচালন সমিতির সভাপতি স্বপন কুমার পান জানিয়েছেন, অধ্যক্ষের কাজ নিয়ে প্রশ্ন ওঠায়, তাঁকে শোকজ করা হয়েছিল। সন্তোষজনক জবাব না মেলায় এই সাসপেনশনের সিদ্ধান্ত। অধ্যাপক বিজয় চন্দ আপাতত অধ্যক্ষের দায়িত্ব সামলাবেন। যদিও নীরঞ্জনবাবু অবশ্য তার বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করে আইনের দ্বারস্থ হবেন বলে জানিয়েছেন।

------------------------

আইএসএল ফুটবলের প্লে অফের দ্বিতীয় ম্যাচে শিলং এর জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ নর্থ ইস্ট ইউনাইটেড, জামশেদপুর এফসির বিরুদ্ধে খেলবে। এই ম্যাচের বিজয়ী দল আগামী তেশরা ও ৭ ই এপ্রিল সেমিফাইনালে মোহনবাগান সুপার জায়ান্ট এর মোকাবিলা করবে।

গতকাল কান্তিরাভা স্টেডিয়ামে আইএসএলের প্রথম প্লে অফ ম্যাচে বেঙ্গালুরু এফসি ৫-০ গোলে মুম্বই সিটি এফসিকে হারিয়ে আইএসএল ফুটবলের সেমিফাইনালে উঠেছে। দুই পর্বের সেমিফাইনালে বেঙ্গালুরু এফ সি আগামী ২ রা ও ৬ ই এপ্রিল এফ সি গোয়ার মুখোমুখি হবে।

------------------------ ------------------------